

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পরিচালকের কার্যালয়
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো
১২-১৩ মতিঝিল বা/এ,
রহমান চেম্বার (১০ম তলা), ঢাকা-১০০০।
ফোনঃ ০২-৯৫৫০৯৩৭



OFFICE OF THE DIRECTOR
DIRECTORATE OF STAFF DEVELOPMENT, BWDB
12-13 MOTIJHEEL C/A,
RAHMAN CHAMBER (9TH FLOOR), DHAKA-1000.
PHONE: 02-9550937
E-mail: dir.staff.bwdb@gmail.com

website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০৩০.৫০.০০১.২০-৬৩

তারিখঃ ০১ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

বরাবর

অতিঃ মহাপরিচালক (সকল)/প্রধান প্রকৌশলী (সকল)/অতিঃ প্রধান প্রকৌশলী (সকল)/প্রধান (সকল)

বাপাউবো।

বিষয়ঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডকে অধিদপ্তরে রূপান্তর করার জন্য প্রয়োজনীয় জনবল নির্ধারণের লক্ষ্যে আপনার এবং আপনার অধীনস্থ দপ্তরসমূহের জনবল চাহিদা (সংকলিত আকারে) প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ বাপাউবো এর স্মারক নং-৪২.০১.০০০০.০৩০.৫০.০০১.১৯.১২৮; তারিখঃ ২১ নভেম্বর, ২০১৯ খ্রিঃ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডকে অধিদপ্তরে রূপান্তর করার জন্য একটি খসড়া আইন পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুত করা হয়েছে, যার প্রেক্ষিতে অধিদপ্তরে রূপান্তর করার জন্য প্রয়োজনীয় জনবল কাঠামো পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডকে অধিদপ্তরে রূপান্তর করতে প্রয়োজনীয় জনবল নির্ধারণপূর্বক পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিলের জন্য সূত্রস্থ স্মারকের মাধ্যমে মহাপরিচালক, বাপাউবো মহোদয়কে আহবায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছে (সংযুক্তি-১)। উক্ত প্রতিবেদন প্রস্তুতের জন্য আপনার এবং আপনার অধীনস্থ দপ্তরসমূহের প্রয়োজনীয় জনবল নির্ধারণ করা প্রয়োজন। উক্ত জনবল নির্ধারণের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো আবশ্যিকভাবে বিবেচনা করার জন্য অনুরোধ করা হলো।

(ক) শতবর্ষী মহাপরিকল্পনা বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০ এর লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ অর্জন।

(খ) প্রাকৃতিক দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনের প্রভাব সুষ্ঠুভাবে মোকাবেলা।

(গ) অধিদপ্তরে রূপান্তর হলে বর্ধিত ভবিষ্যত কার্যপরিধি।


(ঘ) যান্ত্রিক সরঞ্জাম ও ডেজার সংক্রান্ত কর্মকান্ড।

(ঙ) Need Based Setup এর জনবল কাঠামো হতে ধারণা নেয়া যেতে পারে। (Need Based Setup অনুযায়ী আপনার এবং আপনার অধীনস্থ দপ্তরসমূহের জনবল কাঠামোর Soft Copy (.xls format) এবং অর্গানোগ্রাম আপনার দাপ্তরিক ই-মেইলে প্রেরণ করা হয়েছে)

এমতাবস্থায়, আপনার ও আপনার অধীনস্থ দপ্তরসমূহের প্রয়োজনীয় জনবল চাহিদা (যৌক্তিকতাসহ) সংকলিত করে (in consolidated form) এর হার্ডকপি আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে স্বাক্ষর সহযোগে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ এবং Soft Copy (.xls format) xen.manpower@bwdb.gov.bd এ ই-মেইলে প্রেরণ করার জন্য সর্বিনয়ে অনুরোধ করা হলো। এ বিষয়ে প্রয়োজনবোধে কমিটির সদস্য সচিব, অত্র দপ্তরের নির্বাহী প্রকৌশলী (জনবল) এর সাথে যোগাযোগ করা যেতে পারে (মুঠোফোন নং-০১৩১৮২৩৪৯২৭)।


এ পত্র মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন ও নির্দেশনার প্রেক্ষিতে প্রেরণ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

আপনার অনুমতি

(মোঃ ওয়াহিদ হোসেন)
পরিচালক
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও আহবায়ক গঠিত কমিটি।
- ২) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও সদস্য গঠিত কমিটি।
- ৩) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও সদস্য গঠিত কমিটি।
- ৪-৬) অতিরিক্ত মহাপরিচালক (অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
- ৭) চীফ মনিটরিং, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
- ৮) প্রধান পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
- ৯) অতিঃ প্রধান প্রকৌশলী, গঙ্গা ব্যারেজ সমীক্ষা প্রকল্প, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও সদস্য গঠিত কমিটি।
- ১০) পরিচালক, কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও সদস্য গঠিত কমিটি।
- ১১) পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও সদস্য গঠিত কমিটি।
- ১২) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
- ১৩) সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।


আবু নাসের মোঃ কাশেম
নির্বাহী প্রকৌশলী (জনবল)
৩
সদস্য-সচিব, গঠিত কমিটি।